

আজকের ফরিয়াদ

চারিদিকে তুফান উঠেছিলো বামফ্রন্টের মোমবাতি নিভে যাবে। কিন্তু সেই প্রদীপকে নিভে যেতে দেননি মানিক সরকার। এবার ২০১৩'র ক্ষেত্রে কংগ্রেস আরেকটু উলঙ্গ হলে বামফ্রন্ট ৩০টি আসনই পেতো। বললেন, সদ্য প্রাক্তন মন্ত্রী অনিল সরকার।

বলিউডের একসময়কার নামী-নামি অভিনেত্রী উর্মিলা মাতোঙ্কার। কিন্তু বর্তমানে এখন একদমই অবসর জীবন কাটাচ্ছেন। তাই এই একাকি কাটাতে তিনি নাকি এখন টিভি সিরিয়ালে নামার প্রস্তুতি নিচ্ছেন বলে বলিউড মহলে গুঞ্জন উঠেছে।

AJKER FARIAD, 8th Year, Issue 316 (as morning daily) 06 March, 2013, Wednesday, Agartala ● ৮ম বর্ষ, ৩১৬ সংখ্যা (প্রভাতি দৈনিক)
২২ ফাল্গুন, ১৪১৯, বৃধবার ● তিন টাকা ● ৮ পৃষ্ঠা ● POSTAL REGD. No. AGT/NE-1040/2012-14 ● Website : www.ajkerfariad.com

আবার একটি ফর্মুলা আবিষ্কার করলেন অরিজিৎ



আগরতলা : ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ের রসায়ণ বিভাগের প্রধান, অধ্যাপক ডঃ অরিজিৎ দাস সম্প্রতি রসায়ণ বিষয়ে আরও একটি নতুন ফর্মুলা আবিষ্কার করলেন। আনবিক তড়ুচিত্র ছাড়া, অণু, আয়ণ এবং আন্বিক মূলকের বন্ধন ক্রম বের করার জন্য কাজে লাগবে তার এই নতুন ফর্মুলা। তার এই আবিষ্কার প্রকাশিত হয়েছে কেমিস্ট্রি টুডে নামক রসায়ণ গবেষণা গ্রন্থে। যা

দিল্লি থেকে প্রকাশিত হয়। তার এই আবিষ্কারকে স্বীকৃতি দিয়েছে দেশের নয়টি বিশ্ববিদ্যালয় - কলকাতা, যাদবপুর, বর্ধমান, হায়দ্রাবাদ, অসামানিয়া, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স (ব্যাঙ্গালোর), নর্থ ইস্টার্ন হিল ইউনিভারসিটি এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় ও কল্যাণী ইউনিভারসিটি। স্বীকৃতি এসেছে ৪টি আইটিআই থেকে -- আইআইটি কানপুর, আইআইটি খড়গপুর, আইআইটি গুয়াহাটি, আইআইটি পাটনা। প্রসঙ্গত উল্লেখ্য যে, ডঃ দাসের এই নতুন আবিষ্কৃত ফর্মুলার সাহায্যে ছাত্র-ছাত্রীরা বন্ধন ক্রম তিন থেকে পাঁচ সেকেন্ড সময়ের মধ্যে বের করতে পারবে যা বইয়ের প্রচলিত সূত্র দিয়ে বের করতে সময় লাগতো কমপক্ষে পাঁচ থেকে সাত মিনিট। এখানে উল্লেখ্য, ডঃ দাস ইতিপূর্বে রসায়ণের আরও দুটি নতুন ফর্মুলা আবিষ্কার করেছিলেন 'সংকরায়ণ' এবং 'বাইসাইক্লো ও স্পাইরো যৌগের ইউপেক' নামকরণের উপর। ডঃ দাসের আবিষ্কৃত এই তিনটি ফর্মুলা ব্যবহারের ফলে ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ক্ষেত্রে পনের থেকে কুড়ি মিনিট সময় সঞ্চয় হবে।